

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৩৮

ভূমিকা পর্ব (كتاب المقدمة)

পরিচ্ছেদঃ ৪০. কল্যাণের চাবিকাঠি যেসব লোক

بَابِ مَنْ كَانَ مِفْتَاحًا لِلْخَيْرِ

### আরবী

حَدَّثَنَا هَارُونُ بْنُ سَعِيدِ الأَيْلِيُّ أَبُو جَعْفَرٍ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ وَهْبِ، أَخْبَرَنِي عَبْدُ اللَّهِ بْنُ وَهْبٍ، أَخْبَرَنِي عَبْدُ اللَّهِ عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ، أَنَّ رَسُولَ اللَّهِ عَلَى الرَّحْمَنِ بْنُ زَيْدِ بْنِ أَسْلَمَ، عَنْ أَبِي حَازِمٍ، عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ، أَنَّ رَسُولَ اللَّهِ على الله عليه وسلم - قَالَ " إِنَّ هَذَا الْخَيْرَ خَزَائِنُ وَلِتِلْكَ الْخَزَائِنِ مَفَاتِيحُ فَطُوبَى لِعَبْدٍ جَعَلَهُ اللَّهُ مِفْتَاحًا لِلشَّرِ مِغْلاَقًا لِلْخَيْرِ ". اللَّهُ مِفْتَاحًا لِلشَّرِ مِغْلاَقًا لِلْخَيْرِ ".

#### বাংলা

২/২৩৮। সাহল ইবনু সা'দ (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ নিশ্চয় এই কল্যাণ কোষাগারস্বরূপ এবং এই কোষাগারের রয়েছে কিছু সংখ্যক চাবি। সুসংবাদ সেই বান্দার জন্য যাকে আল্লাহ কল্যাণের দ্বার উন্মোচনকারী ও অকল্যাণের পথ রুদ্ধকারী বানিয়েছেন। ধ্বংস সেই ব্যাক্তির জন্য যাকে আল্লাহ অকল্যাণের দ্বার উন্মোচনকারী এবং কল্যাণের পথ রুদ্ধকারী বানিয়েছেন।

## **English**

It was narrated from Sahl bin Sa'd that:

The Messenger of Allah said: "This goodness contains many treasures, and for those there are keys. So glad tidings to the one whom Allah makes a key to good and a lock for evil, and woe to the one whom Allah makes a key to evil and a lock to good."

## ফুটনোট

তাহকীক আলবানী: খুবই দুর্বল। তাখরীজ আলবানী: সহীহ তারগীব ৬৬, যিলালু জান্নাহ ২৮৮, ২৮৯। উক্ত হাদিসের রাবী আব্দুর রহামান বিন যায়দ বিন আসলাম সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, তিনি দুর্বল। ইয়াহইয়া বিন মাঈন বলেন, তার থেকে কোন হাদিস গ্রহনযোগ্য নয়। আলী ইবনুল মাদীনী ও মুহাম্মাদ বিন সা'দ বলেন,



তিনি খুবই দুর্বল। আবু দাউদ আস-সাজিসতানী ও আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন